

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫৯৮(আগরতলা, ২০১৭)  
খোয়াই, ২০ জুলাই, ২০২১

২৭ জুলাই খোয়াই জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উদযাপন

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে খোয়াই জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উদযাপন উপলক্ষে আজ খোয়াই জিলা সভাপতির কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২৭ জুলাই সকাল ১০ টায় খোয়াই কোহিনূর কমপ্লেক্স প্রাঙ্গণে খোয়াই জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উদযাপন করা হবে। এই অনুষ্ঠান উপলক্ষ্যে ৩ জন সাংস্কৃতিক ব্যক্তিত্বকে সংবর্ধনা দেওয়া হবে। সভায় খোয়াই জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*